দৈনিক সংবাদ

তারিখ ... 11 JUL 1988 ...
পৃষ্ঠা ... 5 কলাম ... 1 ...

ব্রহ্মপুত্রের ভাঙ্গন

# কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস বিপন্ন হয়ে পড়েছে

ময়মনসিংহ, ৯ই জুলাই।— বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, পুরাতন ব্রহ্মপুত্রের ভাঙ্গনে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস বিপন্ন হয়ে পড়েছে।

চলতি বর্ষা মৌসুম শুরু থেকেই ব্যাপক ভাঙ্গন অব্যাহত থাকায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আবাসিক এলাকা, হেলথ সেন্টার, ছাত্রীদের নতুন ও পুরাতন ছাত্রীনিবাস, উপাচার্যের সরকারী বাসভবন, বোটানিক্যাল গার্ডেনসহ অফিস ভবন, পানির টাওয়ারসহ নদীর পাড়ে অবস্থিত গ্রামগুলো নদীগর্ভে বিলীন হওয়ার আশংকা করা হচেছ। গত কয়েকদিন থেকে প্রবল বর্ষণের ফলে বিশ্ববিদ্যালয়ের পানি নিষ্কাশন নালার প্রায় ২০ মিটার ভেঙ্গে নদীগর্ভে নিমজ্জিত হয়েছে এবং বোটানিক্যাল গার্ডেনের বেশ কিছু মূল্যবান গাছ এই কয়েক দিনেই নদীগর্ভে বিলীন হয়ে গেছে। এ ছাড়া নদীর পাড় ঘেঁষে প্রবাহিত পানি নিষ্কাশন নালাটিরও মাঝখানে প্রায় ১০ মিটার ভেঙ্গে নদীগর্ভে নিমজ্জিত হয়েছে। উল্লেখ্য, এই নালার ১০ মি: দূরেই রয়েছে শিক্ষকদের কয়েকটি আবাসিক ভবন--যেগুলো এখন মারাত্মক ভাঙ্গনের সম্মুখীন এবং এখনই কয়েকটি ভবনে ফাটল দেখা দিয়েছে। এভাবে ভাঙ্গন অব্যাহত থাকলে এবারই বেশ কিছু গুরুত্বপূর্ণ ভবনসহ বোটানিক্যাল গার্ডেনের অনেক এলাকা ও মূল্যবান গাছ নদীতে নিমজ্জিত হয়ে প্রায় কয়েক কোটি টাকার সরকারী সম্পত্তি নষ্ট হয়ে যাবে বলে আশঙ্কা করা হচেছ।

প্রায় দু'কিলোমিটার দীর্ঘ পাড় জুড়ে অবস্থিত কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসটির কমবেশী সব স্থানেই ভাঙ্গন শুরু হয়েছে।

এ বছর বর্ষার শুরুতেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক অপ্রতুল সংরক্ষণ বাজেট থেকে ভাঙ্গন রোধ করার জন্য অস্থায়ীভাবে মারাত্মক ভাঙ্গনের জায়গাগুলোতে বাঁশের বেড়া দেয়া ও জমাট বাধা সিমেন্টের বস্তা ফেলা হয়েছে। কিন্তু এতে পরিস্থিতির কোন উন্নতি হচ্ছে না।

বর্তমানে ভাঙ্গন রোধের স্থায়ী ব্যবস্থা গ্রহণ না করা হলে কৃষি বিশ্ববিদ্যালয়কে ব্রহ্মপুত্র ভাঙ্গনের হাত থেকে রক্ষা করা সম্ভব নয়।

ভাঙ্গন রোধের স্থায়ী ব্যবস্থা গ্রহণকল্পে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে পানি উন্নয়ন বোর্ডের সঙ্গে যোগাযোগ করছে।